

প্রস্তাবিত সমাধান:

শ্রেণি শিক্ষক সপ্তাহের নির্দিষ্ট একটি দিন তার নিজের মত করে পরিপাটি শিশু নির্বাচন করবে। তবে নির্বাচন প্রক্রিয়ায় তিনি কোনভাবেই প্রত্যক্ষ ভূমিকায় থাকবে না। নির্বাচন প্রক্রিয়া নিম্নরূপ:

১) শ্রেণি শিক্ষক নিজেই শ্রেণিকক্ষ এক পলক দেখে নিয়ে শিক্ষার্থীদের মধ্য থেকে দু'জন মেয়ে শিক্ষার্থীকে ডেকে নিবে, যারা শ্রেণিকক্ষে অন্য মেয়ে শিশুদের তুলনায় কিছুটা অ-পরিপাটি। তাদের আলাদাভাবে ডেকে নিয়ে পূর্ব নির্ধারিত কিছু সুচক বুঝিয়ে দেবে। যেমন; চুলের বিন্যাস, ত্বকের পরিচর্যা, পায়ের জুতা, মোজা এবং বেঞ্চে রাখা পাঠ্যবইয়ের যত্নের বিষয়টি বিবেচনায় আনা যেতে পারে।

২) দু'জন শিক্ষার্থীই শ্রেণিকক্ষের দুই বিপরীত দিক থেকে হেটে এসে এক পলক পুরো শ্রেণিকক্ষ অবলোকন করবে। দু'জনেই দু'জনের মত বিনিময় করবে, হতে পারে দু'জনেই একজন পরিপাটি শিশুকে নির্বাচন করবে কিংবা দুই ভিন্ন শিশু তাদের নির্বাচনে বাছাইয়ের অংশ হতে পারে।

৩) একই প্রক্রিয়ায় দু'জন ছেলে শিক্ষার্থী তাদের শ্রেণিকক্ষের দু'জন পরিপাটি ছেলে শিক্ষার্থী নির্বাচন করবে।

৪) নির্বাচিত শিশুদের শিক্ষকের দু'পাশে রেখে চলমান সপ্তাহের পরিপাটি শিশু হিসাবের স্বীকৃতি দেয়া হবে।

৫) শ্রেণিকক্ষের একটি কর্ণারে পুরা সপ্তাহ জুড়ে তাদের নাম লেখা থাকবে।